

তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষার উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান

ইন্টারনেট ও তথ্যপ্রযুক্তিতে বাংলার ব্যবহার ও প্রয়োগ নিশ্চিত করতে সরকার, গবেষক, তথ্যপ্রযুক্তিবিদ ও ভাষাবিদদের একযোগে কাজ করা প্রয়োজন। 'তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা ব্যবহার : চ্যালেঞ্জ ও করণীয়' শীর্ষক সেমিনারে আলোচকরা এসব কথা বলেন। গত মঙ্গলবার রাজধানীর আইসিটি টাওয়ারে আয়োজিত তিনটি সেশনে দেশের গবেষক, ভাষাবিদ ও কম্পিউটার প্রকৌশলীরা তাদের বক্তব্য ও পরামর্শ তুলে ধরেন। আইসিটি বিভাগের গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ প্রকল্প আয়োজিত সেমিনার উদ্বোধন করেন কবি কাজী রোজী এমপি। তিনি তথ্যপ্রযুক্তির জগতে বাংলাভাষাকে এগিয়ে নেওয়ার জন্য সকলকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। পরবর্তী দুটি কারিগরি সেশন সঞ্চালন করেন অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল ও বেসিস সভাপতি মোস্তাফা জব্বার। দুই সেশনে প্রবন্ধ উপস্থাপন করেন ইউআইইউ উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী মফিজুর রহমান, বিসিসির সাবেক নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম, জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দানীউল হক ও শাবিপ্রবির সহকারী অধ্যাপক সামির ইসমাইল। তারা বাংলাভাষার উন্নয়নের জন্য প্রয়োজনীয় টুলস ও সিস্টেম উন্নয়নের পথের বাধা তুলে ধরে তা অপসারণে করণীয় ব্যাখ্যা করেন। প্রকল্পটির পরিচালক জিয়াউদ্দিন আহমেদ জানান, প্রকল্পটির আওতায় ১৬টি টুলস উন্নয়ন করা হবে। এগুলো হচ্ছে বাংলা করপাস, বাংলা ওসিআর, বাংলা স্পিস টু টেক্সট ও টেক্সট টু স্পিস, জাতীয় কিবোর্ড আধুনিকায়ন, বাংলা স্টাইল গাইড উন্নয়ন, বাংলা ফন্টের ইন্টার অপারেবিলিটি ইঞ্জিন, বাংলা ভাষার জন্য সিএলডিআর উন্নয়ন, বাংলা বানান ও ব্যাকরণ পরীক্ষক, বাংলা মেশিন ট্রান্সলেটর উন্নয়ন, স্ক্রিন রিডার সফটওয়্যার, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সফটওয়্যার উন্নয়ন, সেন্টিমেন্ট (ভাব) উন্নয়ন বিশ্লেষণ টুলস, ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষাভাষীদের জন্য প্রমিত কিবোর্ড, বাংলা আইপিএ ফন্ট উন্নয়ন, জনপ্রিয় বাংলা ওয়েবসাইট বিভিন্ন ভাষায় অনুবাদকরণ ও মাল্টি লিংগুয়াল কনট্যান্ট প্রসেসিং টুলস।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক